

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০৯.(অংশ-১).১৫৬

তারিখ: ১৩.০৬.২০১৯ খ্রি:


বিষয়: বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড এবং কল্যাণ ট্রাস্টি বোর্ডের সদস্য মনোনয়ন।

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.৮৩.০৬.০০৪.১৭-২৯৪, তারিখ: ০৭ মে ২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১০.০৪.২০১৯ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০০৯ (অংশ-১).৯৭ এর মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা আইন, ২০০২ অনুযায়ী অবসর সুবিধা বোর্ড এবং একই তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০০২.২০১৬.৯৮ স্মারকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট আইন ১৯৯০ (২০০২ এ সংশোধিত) অনুযায়ী কল্যাণ ট্রাস্টি বোর্ড গঠন করা হয়েছে। উক্ত বোর্ড ২টি তে অর্থ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব বা তদুর্ধ্ব পর্যায়ে কর্মকর্তা সদস্য হিসেবে অর্ন্তভুক্তির বিধান রয়েছে। উক্ত বিধানের আলোকে অত্র বিভাগের ১৬-০৪-২০১৯ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০২.২০১৯.১০২ ও ১০৩ এ জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের প্রতিনিধি মনোনয়নপূর্বক প্রেরণের জন্য পত্র দেয়া হয়।

২.০ এমতাবস্থায়, সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগের প্রতিনিধি হিসেবে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টি বোর্ডে যুগ্মসচিব বেগম নাসরিন সুলতানা এবং অবসর সুবিধা বোর্ডে যুগ্মসচিব জনাব মফিজ উদ্দীন আহমদ কে অর্ন্তভুক্তির জন্য মনোনয়ন দেয়া হয়েছে।

৩.০ বিষয়টি পরবর্তী কার্যক্রমের জন্য নির্দেশক্রমে অবহিত করা হলো।


১৬/৬/২০১৯
(মো: কামরুল হাসান)
উপসচিব
ফোন: ৯৫৪০৫১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ব্যানবেইস ভবন, ঢাকা।
২. সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট বোর্ড, ব্যানবেইস ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০৯.(অংশ-১).১৫৭

তারিখ: ১৩.০৬.২০১৯ খ্রি:

বিষয় : বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড এবং কল্যাণ ট্রাস্টি বোর্ডে সদস্য মনোনয়ন।

সূত্র : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.০৬.০৪৪.১৭-৪৩১
তারিখ: ২৩ এপ্রিল, ২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড এবং কল্যাণ ট্রাস্টি বোর্ডে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর সদস্য হিসেবে অন্তর্ভুক্ত থাকার বিধান রয়েছে। সেক্ষেত্রে যিনি মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর হিসেবে দায়িত্ব পালন করবেন তিনি অবসর সুবিধা বোর্ড এবং কল্যাণ ট্রাস্টি বোর্ডে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন।

২.০ বিষয়টি নিদের্শক্রমে অবহিত করা হলো।


(মো: কামরুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭

সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(দৃ: আ: সিনিয়র সহকারী সচিব (প্রশাসন ও অর্থ) শাখা-১।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ব্যানবেইস ভবন, ঢাকা।
৫. সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টি বোর্ড, ব্যানবেইস ভবন, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।